

প্রেস বিজ্ঞপ্তি

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

ধর্মনিরপেক্ষ রাজনীতিতে দুর্নীতি হচ্ছে পবিত্র, সাংসদ পাপুল যার উজ্জ্বল উদাহরণ

দুর্নীতি ও আর্থিক কেলেঙ্কারী শুধুমাত্র বাংলাদেশেই নয়, বরং সমগ্র বিশ্বজুড়ে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়িয়েছে। রাজনীতিবিদদের দুর্নীতিতে জড়িত হওয়ার বিষয়টি বাংলাদেশের জনগণের জন্য কখনও অবাকের কিছু নয়। কিন্তু এটি হাসিনা সরকারের জন্য বড় ধাক্কা হিসেবে আসল যখন তারা প্রত্যক্ষ করল যে, কুয়েত সরকারের আদালত লক্ষ্মীপুর-২ আসন থেকে নির্বাচিত সাংসদ কাজী পাপুলকে মানবপাচার, ঘুষ এবং অর্থপাচারের অভিযোগে চার-বছরের জেল প্রদান করল। এটা সর্বজনবিদিত যে, বাংলাদেশের প্রতিটি সরকার দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে এবং হাসিনা সরকার এটিকে সর্বোচ্চ শিখরে নিয়ে গেছে। তাই আমরা প্রত্যক্ষ করছি, দেশব্যাপী তার সরকারের সর্বাঙ্গিক দুর্নীতির বিরুদ্ধে গড়ে ওঠা জনমতের কোন তোয়াক্কাই সে করছে না। সকল দুর্নীতির জননী হিসেবে শেখ হাসিনা সর্বদাই সমাজের চিহ্নিত দুর্নীতিবাজ অভিজাত শ্রেণীর লালন-পালন ও ক্ষমতায়ন করেছে। যখন দেশের বৃহত্তম ঋণ-খেলাপিকে তার বেসরকারি শিল্পখাত ও বিনিয়োগ উপদেষ্টা হিসেবে নির্বাচিত করা হয়েছে, তখন এতে অবাক হওয়ার কিছু নেই যে সাংসদ পাপুলের মত উচ্চাভিলাষী দুর্নীতিবাজ নেতারাও হাসিনা সরকারের নিয়মতান্ত্রিক দুর্নীতির মাধ্যমে নিজেদের ভাগ্য গড়ার চেষ্টা করবে। পাপুলের বিষয়টি কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, কেননা সে একটি ব্যাংকের (এন.আর.বি কমার্শিয়াল ব্যাংক) পরিচালক পদে কর্মরত ছিল, যেটি ঋণ কেলেঙ্কারির জন্য কুখ্যাত। দুর্নীতিবাজ অভিজাত শ্রেণীর জন্য হাসিনার প্রস্তাব পরিষ্কার - তাদেরকে সীমাহীন দায়মুক্তি দেয়া হবে এবং আইন তাদেরকে স্পর্শ করবে না, উদাহরণ হিসেবে কুইক রেন্টাল, পদ্মা সেতু ও ব্যাংক কেলেঙ্কারির ঘটনাসমূহ উল্লেখযোগ্য। প্রকৃত বিষয় হচ্ছে, হাসিনা ও তার লুটেরা অভিজাত শ্রেণী ধর্মনিরপেক্ষ রাজনীতিরই ফসল। যেহেতু, স্রষ্টাবিবর্জিত ধর্মনিরপেক্ষতাবাদে রাজনীতি কেবলমাত্র সুযোগ-সুবিধা ও প্রতারণার মাধ্যমে পার্থিব হীন স্বার্থ হাসিলকে কেন্দ্র করে আবর্তিত হয়, সেহেতু স্বাভাবিকভাবেই এটি দুর্নীতিগ্রস্ত ও লোভী মানুষদেরকে আকর্ষণ করে। তাই যদি এই ব্যবস্থাটি তার পৃষ্ঠপোষকদের দুর্নীতিতে পদ্ধতিগতভাবে সহযোগিতা না করে, তবে এটি অবশ্যম্ভাবীভাবে ধসে পড়বে।

হে মুসলিমগণ, দুর্নীতির মূল কারণ হচ্ছে আল্লাহ সুবহানাহ ওয়া তা'আলা-এর আইন পরিত্যাগ করা এবং ধর্মনিরপেক্ষ ব্যবস্থার আইন গ্রহণ করা। ইসলামী শাসনব্যবস্থা, অর্থাৎ নবুয়্যাতের আদলে প্রতিষ্ঠিত খিলাফতে রাশিদাহ ব্যতিরেকে আমাদের সমাজের গভীরে প্রোথিত দুর্নীতি নির্মূল করা যাবে না। ইসলামে রাজনীতি (সিয়াসাহ) হচ্ছে জনগণের বিষয়াদির তত্ত্বাবধান করা, যা খিলাফত রাষ্ট্র ও উম্মাহ দ্বারা পরিচালিত হয়। আসন্ন খিলাফতের অধীনে মানুষ পার্থিব স্বার্থের আশায় কোন পদে অধিষ্ঠিত হওয়ার আকাঙ্ক্ষা পোষণ করবে না। এমনকি খলিফা ও তার কর্মকর্তাগণ শুধুমাত্র তাদের ধার্মিকতার জন্যেও মনোনীত হবেন না, বরং এই পদগুলো হবে এমন, যার জন্য উচ্চস্তরের কর্তব্যনিষ্ঠা এবং দক্ষতারও প্রয়োজন। আমাদের প্রাণপ্রিয় রাসুলুল্লাহ (সাঃ)-এর সীরাতে আমরা দেখেছি যে তিনি কিভাবে তাঁর একজন পরহেজগার ও অনুগত সাহাবা আবু যর গিফারী (রা.)-এর রাষ্ট্রীয় কর্মকর্তা হওয়ার আবেদনকে প্রত্যাখ্যান করেছিলেন। তিনি (সাঃ) বলেছিলেন: “হে আবু যর, আপনি একজন দুর্বল মানুষ এবং এটি হচ্ছে একটি দায়িত্ব, এবং কেয়ামতের দিন এটি অপমান ও অনুশোচনার কারণ হবে, তার জন্য ব্যতীত যে পুরোপুরি দায়বদ্ধতার সাথে এটি গ্রহণ করে এবং তার উপর যা অর্পণ করা হয়েছে তা পরিপূর্ণভাবে পূরণ করে” [মুসলিম]। খিলাফত রাষ্ট্র ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক শাসনব্যবস্থার মত কোন অভিজাত শাসকশ্রেণীর জন্ম দেবে না এবং তার নাগরিকদের মধ্যে বৈষম্য করবে না। মাখদুম গোত্রের একজন উচ্চবংশীয় কুরাইশ মহিলা যখন চুরি করেছিল তখন তিনি (সাঃ) তার ওপর আইনী শাস্তি (হুদুদ) প্রতিষ্ঠা করতে দ্বিধা করেননি। তিনি (সাঃ) আল্লাহ'র শপথ করে বলেছিলেন: « وَائِمُّنَ اللَّهِ لَوْ « أَنْ فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ سَرَفَتْ لَقَطَعْتُ يَدَهَا “আল্লাহ'র কসম, যদি মুহাম্মদের কন্যা ফাতেমাও চুরি করত তবে আমি তার হাত কেটে দিতাম” [বুখারী]।

হে দেশবাসী, ধর্মনিরপেক্ষ শাসনব্যবস্থায় আশা ও কল্যাণকর কোন কিছু নেই। এই অশুভ ব্যবস্থার শাসক ও নেতৃবৃন্দ মানুষের কল্যাণের জন্য কোনরূপ দায়বদ্ধতা অনুভব করে না, এবং তারা আল্লাহ আজ্জা ওয়া জ্বাল-এর কাছে জবাবদিহিতার ভয়েও ভীত নয়। সত্যিকারের পরিবর্তন মানে কেবল হাসিনা বা পাপুলের মত চেহারার পরিবর্তন নয়, বরং অনতিবিলম্বে এই দুর্নীতিগ্রস্ত ধর্মনিরপেক্ষ শাসনব্যবস্থাকে সমূলে উৎপাটন করে তদস্থলে ইসলামী শাসনব্যবস্থা তথা খিলাফত রাষ্ট্রের বাস্তবায়নই প্রকৃত পরিবর্তন।

হিব্বুত তাহরীর-এর মিডিয়া কার্যালয়, উলাই'য়াহ্ বাংলাদেশ